

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যোগাযোগ মন্ত্রণালয়

সেতু বিভাগ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড

বনানী, ঢাকা-১২১২

স্মারক নং : ৪/৫০.১২৫.০১৮.০০.০০.১০৫.১৯৯৭-৩১২

তারিখ : ০৮/০৯/২০১১


বঙ্গবন্ধু সেতুর টোল হার পুনঃনির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, যমুনা নদীর উপর নির্মিত বঙ্গবন্ধু সেতুর বর্তমান টোল হার ১৯৯৮ সালের জুন মাসে চালু হওয়ার পর দীর্ঘ প্রায় ১৩ বছর অতিবাহিত হয়েছে। কিন্তু এ পর্যন্ত টোল হার বৃদ্ধি করা হয়নি। বাংলাদেশের সর্ববৃহৎ এ সেতু নির্মাণে গৃহীত বৈদেশিক ঋণ পরিশোধের পরিমাণ বর্তমানে প্রায় দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে। তাছাড়া সেতুর রক্ষণাবেক্ষণেও প্রচুর অর্থ ব্যয় হচ্ছে। ফলে বিদ্যমান টোল হার দিয়ে এ সকল ব্যয় নির্বাহ করা সম্ভব হচ্ছে না। তাই নিয়মিত ঋণ পরিশোধ এবং সেতুর রক্ষণাবেক্ষণ কার্যক্রম চলমান রাখার সার্থে বঙ্গবন্ধু সেতুর টোল হার বৃদ্ধি জরুরী হয়ে পড়েছে। তবে সাধারণ মানুষের কথা বিবেচনা করে সহনীয় পর্যায়ে বৃদ্ধি করে বঙ্গবন্ধু সেতুর নিম্নরূপ টোল হার পুনঃনির্ধারণ করা হ'ল:

ক্রমিক নং	যানবাহনের শ্রেণীবিন্যাস	বিদ্যমান টোল হার (টাকা)	পুনঃনির্ধারিত টোল হার (টাকা)
১।	মোটর সাইকেল	৩০.০০	৪০.০০ (চল্লিশ)
২।	হালকা যানবাহন (কার, জীপ ইত্যাদি)	৪০০.০০	৫০০.০০ (পাঁচশত)
৩।	ছোট বাস (২৯ আসন বা তার কম)	৫৫০.০০	৬৫০.০০ (ছয়শত পঞ্চাশ)
৪।	বড় বাস (৩০ আসন বা তার বেশী)	৮০০.০০	৯০০.০০ (নয়শত)
৫।	ছোট ট্রাক (৫টনের কম)	৭৫০.০০	৮৫০.০০ (আটশত পঞ্চাশ)
৬।	মাঝারি ট্রাক (৫হতে ৮টন)	১০০০.০০	১১০০.০০ (এক হাজার একশত)
৭।	বড় ট্রাক (৮টনের বেশী)	১২৫০.০০	১৪০০.০০ (এক হাজার চারশত)

২। বঙ্গবন্ধু সেতু ব্যবহারকারী সকল যানবাহনের জন্য পুনঃনির্ধারিত টোল হার আগামী ১৫ সেপ্টেম্বর ২০১১/৩১ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ হতে কার্যকর হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।

৩। জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারী করা হ'ল।


(শেখ মুজিবুর রহমান)
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
ফোন : ৯৮৬১৭৫৪